



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

1 JULY 2024

7:35—7:40 AM IST

=====

=====

নতুন ফৌজদারী আইন ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম আজ থেকে সমগ্র দেশে প্রযোজ্য হবে। সংসদের বিগত শীতকালীন অধিবেশনের সময় এই তিনটি বিল গৃহিত হয়েছিল। নতুন আইন তিনটি ভারতীয় নাগরিকদের জীবনে আইন প্রণালী সরলিকরণ করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। সবার জন্য সুলভ, সহায়ক এবং দক্ষ ন্যায় ব্যবস্থা গড়ে তোলাই হচ্ছে এই তিনটি আইনের মূল্য উদ্দেশ্য। নতুন ফৌজদারী আইনগুলির বিভিন্ন উল্লেখযোগ্য দিক হচ্ছে ঘটনার অনলাইন অবগতিকরণ, যেকোন থানায় এজাহার রঞ্জু করার ব্যবস্থা এবং ঘটনার অভিযোগকারীদের দ্রুত এজাহারের প্রতিলিপি প্রদান করা ইত্যাদি। এছাড়াও কোন ব্যক্তিকে গ্রেপ্তার করা হলে ওই ব্যক্তির স্থিতি সম্পর্কে তার নিকটবর্তী ব্যক্তিকে জানাতে হবে। নতুন আইন তিনিটিতে মহিলা এবং শিশুদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের তদন্ত অগ্রাধিকারের ভিত্তিতে সম্পূর্ণ করার ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে। এধরণের মামলা নথিভুক্ত হলে দুমাসের মধ্যে ওই মামলার নিষ্পত্তি করতে হবে।

এদিকে আসাম সরকার ভারতীয় ন্যায় সংহিতা, ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা এবং ভারতীয় সাক্ষ্য অধিনিয়ম নামের তিনটি নতুন আইন রাজ্যে সফল বাস্তবায়নের জন্য ন্যায় বিভাগ ও আসাম পুলিশের সহযোগীতায় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করেছে। রাজ্যের গৃহ ও রাজনৈতিক বিভাগের মুখ্য সচিবের নেতৃত্বে একটি উচ্চ পর্যায়ের সমিতি গঠন করা

হয়েছে । সেইসঙ্গে সরকারী আইনজীবি ও পুলিশ আধিকারীকদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে ।

এছাড়া গৌহাটী প্রেস ক্লাবের উদ্যোগে গতকাল নতুন আইনগুলির বাস্তবায়ন নিয়ে সংবাদ মাধ্যমের জন্য একটি কর্মশালা অনুষ্ঠিত

হয় । কর্মশালায় অংশ নিয়ে আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখার অতিরিক্ত সঞ্চালক প্রধান মুন্ডা প্রসাদ গুপ্তা জানান যে নতুন আইনে শাস্তি প্রদানের পরিবর্তে ন্যায় প্রদানের ব্যাবস্থা করা হয়েছে । এর দ্বারা ভুক্তভোগীরা স্বচ্ছ প্রক্রিয়ায় দ্রুত ন্যায় লাভ করবেন বলে বলে শ্রীগুপ্তা মন্তব্য করেন ।

চলতি বছরের লোকসভা নির্বাচন বিশ্বের সর্ববৃহৎ নির্বাচন হিসেবে পরিগণিত হয়েছে এবং এবারের লোকসভা নির্বাচনে দেশের ৬৫ কোটি লোক গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করেছেন । গতকাল আকাশবানীর মন কী বাত অনুষ্ঠানে অংশ নিয়ে প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন যে বিশ্বের অন্য কোনো দেশে কখনো এত সংখ্যক লোক গনতান্ত্রিক অধিকার প্রয়োগ করেন নি । লোকসভা নির্বাচনে দেশের সংবিধান ও গনতান্ত্রিক ব্যবস্থার প্রতি পুনরায় আস্থা প্রকাশ করার জন্য প্রধানমন্ত্রী দেশবাসীকে ধন্যবাদ জানিয়েছেন ।

এবছর বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আরম্ভ করা এক পেড় মাকে নাম নামের বিশেষ অভিযানের কথা উল্লেখ করে শ্রী মোদী সমগ্র দেশের জনসাধারণকে মায়ের সংগে একটি গাছের চারা রোপণ করতে বা একটি চারা মায়ের নামে উৎসর্গ করতে আহ্বান জানিয়েছেন ।

প্রধানমন্ত্রী আকাশবানীর সংস্কৃত বুলোটিন সম্প্রচারের গতকাল ৫০ বছর পূর্ণ হোয়ার জন্য আকাশবানী পরিবারের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেছেন ।

রাজ্যের স্বাস্থ্য ,শিক্ষা ও গবেষণা বিভাগের আয়ুক্ত সচিব সিদ্ধার্থ সিং , স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের আয়ুক্ত সচিবকে পত্র পাঠিয়ে সরকারী চিকিৎসকদের নিজের কর্তব্যের সময়কালে ব্যক্তিগত হাসপাতালে চিকিৎসা প্রদান না করতে নির্দেশ জারী করেছেন । উল্লেখ্য গত ২৭ শে জুন মুখ্যমন্ত্রী ডষ্টের হিমন্ত বিশ্ব শর্মা বরপেটার ফকরুদ্দিন আলি আহমেদ চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতাল পরিদর্শন করে কর্তব্যের সময় চিকিৎসকরা

যাতে কোনো ব্যাক্তিগত হাসপাতালে ব্যস্ত না থাকেন , সেবিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশ দিয়েছিলেন ।

আজ করিমগঞ্জ জেলার ৪১তম প্রতিষ্ঠা দিবস বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে পালন করা হচ্ছে । এ উপলক্ষ্যে সকাল ৮ টায় করিমগঞ্জ পৌরসভার ব্যাবস্থাপনায় শহরের মণিষীদের প্রতিমূর্তিতে এবং ডাকবাংলো প্রাঙ্গণের শহীদ বেদীতে পুষ্পার্ঘ্য অর্পণ ,সকাল ১০ টায় জেলা স্বাস্থ্য যুগ্ম সঞ্চালকের ব্যাবস্থাপনায় রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে । এছাড়া বেলা দেড়টায় জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে ভারতীয় ন্যায় সংহিতা আইন নিয়ে সচেতনতা সভা এবং বেলা দুটোয় ডিস্ট্রিক্ট হাব ফর এমপাওয়ারমেন্ট অফ ওমেন মিশন শক্তির অধীনে সংকল্প কার্যসূচী সম্পর্কে বিশেষ সচেতনতা সভা অনুষ্ঠিত হবে । জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব জেলার সব বিভাগীয় প্রধানদের তাদের নিজ কার্যালয়ে প্রতিষ্ঠা দিবস উদযাপন করতে এবং জেলাস্তরের কার্যসূচীতে অংশগ্রহণ করার আহ্বান জানিয়েছেন ।

উত্তর-পূর্ব সীমান্ত রেলের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হচ্ছে যে আজ গৌহাটী-এসএমভিটি ব্যাঙালুরু এক্সপ্রেস , আগামীকাল শিলচর-কোয়েম্বটোর এক্সপ্রেস এবং আগামী চোঠা জুলাই শিলচর-তিরুবনন্তপুরম সেন্ট্রাল এক্সপ্রেস , আসানসোল-আদ্রা-মেদিনাপুর-হিজলি-ভদ্রক হয়ে পথ পরিবর্তন করে চলাচল করবে ।

ভারতীয় আবহাওয়া বিজ্ঞান বিভাগের পক্ষ থেকে উত্তর-পূর্ব ভারত সহ পূর্ব ভারতে আগামী দু-তিন দিন ভারী থেকে অতিভারী বৃষ্টির সন্তানার কথা জানিয়ে লাল সংকেত জারী করা হচ্ছে ।
